

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০৪৬

আগরতলা, ১৩ মার্চ, ২০২৫

আইজিএম হাসপাতালে বক্ষ্যাত্বকরণ শিবির



গত ১১ মার্চ আইজিএম হাসপাতালে মায়েদের ল্যাপরোস্কপিক লাইগেশন বা বক্ষ্যাত্বকরণ শিবির অনুষ্ঠিত হয়। এই কর্মসূচিতে এদিন মোট আটজন মহিলার সফল ল্যাপরোস্কপিক লাইগেশন বা বক্ষ্যাত্বকরণ অস্ত্রোপচার সম্পন্ন করা হয়। আইজিএম হাসপাতালের স্ত্রী ও প্রসূতি বিভাগের বিশেষজ্ঞ সার্জনগণ উক্ত ল্যাপরোস্কপিক লাইগেশন বা বক্ষ্যাত্বকরণ অস্ত্রোপচার করেন। তাতে ছিলেন আইজিএম হাসপাতালের স্ত্রী ও প্রসূতি বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসক সার্জন ডাঃ দেব দুলাল দাস, ডাঃ কৌশল চৌধুরী, ডাঃ দীপঙ্কর দেবনাথ, ডাঃ সুস্মিতা দাস, অ্যানেস্থলোজিস্ট ছিলেন ডাঃ সোমেন্দ্র দেববর্মা ও ডাঃ সুমিত দাস। এছাড়াও অস্ত্রোপচারে নার্সিং অফিসার ছিলেন দীপ্তি গোপ, চন্দ্রা রিয়াং ও স্মৃতি দাস সহ অন্যান্য স্বাস্থ্যকর্মীরা। অস্ত্রোপচারের পর মহিলাদেরকে এদিনই হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়। স্বাস্থ্য পরিষেবা অধিদপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
